www.shekhapora.com

# Child Development And Child Pedagogy

**Suggestion for PTET , TET , WBSSC, WBRLST Upcoming exam.**

## শিশুশিক্ষা ও শিশু মনস্তত্ব || চাইল্ড পেডাগগি টেট এর জন্য গুরুত্বপূর্ণ প্রশ্ন ও উত্তর।

প্রশ্ন **1.** শিক্ষা কাকে বলে ?
উত্তর - সাধারণত মানুষের জ্ঞান অর্জন ও অভিজ্ঞতার দ্বারা বিশেষ ধরনের কৌশল আত্তীকরণ এবং আচরণের পরিবর্তন সাধনের প্রক্রিয়াই হল শিক্ষা।
প্রশ্ন **2.** ব্যাপকতর অর্থে শিক্ষা কী ?
উত্তর - ব্যাপক অর্থের শিক্ষায় শিক্ষা ও জীবন অভিন্ন এবং সমার্থক। জন্ম-মৃত্যু পর্যন্ত অন্তহীন প্রক্রিয়ায় ব্যক্তির জীবনে যে বিভিন্ন অভিজ্ঞতার সমাবেশ ঘটে, বৃহত্তর অর্থে তাই-ই শিক্ষা। এখানে শিক্ষণ জীবনব্যাপী প্রক্রিয়া বলে শিক্ষার পরিধি মৃত্যু পর্যন্ত বিস্তৃত। কেবলমাত্র বিদ্যালয় শিক্ষার মধ্যে এই ব্যাপক অর্থের শিক্ষা সীমিত থাকে না।
প্রশ্ন **3.** শিশুর জীবনের প্রথমভাগে গৃহ মূলতঃ সাহায্য করে কিসের দ্বারা ?
উত্তর - স্নেহ দ্বারা।
প্রশ্ন **4.** শ্রেণীকক্ষে পড়ানোর জন্য সর্বাপেক্ষা কি প্রয়োজনীয় ?
উত্তর- পারস্পরিক সৌজন্যবোধ।
প্রশ্ন **5.** 'ইন্টারন্যাশনাল স্কুল' কে প্রতিষ্ঠা করেন ?
উত্তর- অরবিন্দ ঘোষ।
প্রশ্ন **6.** শিক্ষা কি ধরনের প্রক্রিয়া?
উত্তর- শিক্ষা একটি আজীবন ব্যাপী প্রক্রিয়া।
প্রশ্ন **7.** বুদ্ধাঙ্কের সূত্রটি কী ?
উত্তর- IQ = MA / CA x 100
প্রশ্ন ৪. 'শিখনের ক্ষমতাই হল বুদ্ধি' – কে বলেছেন ?
উত্তর- বাকিংহাম।
প্রশ্ন **9.** বিদ্যালয়ে সময় তালিকা তৈরি করতে শিক্ষার্থীদের কিসের কথা চিন্তা করা উচিত ?
উত্তর- শিক্ষার্থীদের ক্লান্তি ও অবসাদ দূর করার বিষয়টি চিন্তা করা উচিত।
প্রশ্ন **10.** শিক্ষকদের লক্ষ্য কী ?
উত্তর- সামাজিক মূল্যবোধ জাগিয়ে ছাত্রদের চিন্তা ও কাজের উৎসাহে গাইড করা আর ছাত্রদের মৌলিক গুণের বিকাশ ঘটানো।
প্রশ্ন **11.** 'Educare' শব্দটির অর্থ কী ?
উত্তর- প্রতিপালন করা।
প্রশ্ন **12.** শিক্ষার্থীদের শান্তি অপেক্ষা অধিক ফলপ্রসূ কি ?
উত্তর- পুরস্কার।
প্রশ্ন **13.** গান্ধীজী কি ধরনের শিক্ষার প্রবর্তন করেন ?
উত্তর। বুনিয়াদী শিক্ষার।
প্রশ্ন **14,** শিক্ষার বিভিন্ন উপাদানগুলি কি কি?
উত্তর। (১) শিক্ষার্থী, (২) শিক্ষক, (৩) পাঠ্যক্রম ও (৪) শিক্ষাপ্রতিষ্ঠান।
প্রশ্ন **15** বিদ্যালয়ের দুটি কাজের উল্লেখ কর।
উত্তর। (১) সংরক্ষণমূলক কাজ ও
(২) সংস্কারমূলক কাজ ।
প্রশ্ন **16.** শিক্ষার লক্ষ্য কী ?
উত্তর। শিক্ষার লক্ষ্য সুনাগরিক তৈরি করা, সুষ্ঠু সমাজ গঠন করা।
প্রশ্ন **17.** বিদ্যালয়ে শিক্ষকের শিক্ষার্থীদের সাথে কিরকম সম্পর্ক রাখা দরকার ?
উত্তর। বন্ধুত্বপূর্ণ সম্পর্ক।
প্রশ্ন **18.** শিশুকেন্দ্রিক শিক্ষার জনক কে?
উত্তর। রুশো।
প্রশ্ন **19.** 'গিফটস ও অকুপেশন'—এটি কোন শিক্ষা-পদ্ধতিতে ব্যবহৃত হয় ?

উত্তর। কিন্ডারগার্টেন শিক্ষা-পদ্ধতিতে।
প্রশ্ন **20.** বিদ্যালয়ে শিক্ষার্থীদের কি মেনে চলা উচিত ?
উত্তর। নিয়মশৃঙ্খলা মেনে চলা উচিত।
প্রশ্ন **21.** বিদ্যালয় কী?
উত্তর। শিক্ষার প্রত্যক্ষ মাধ্যম হল বিদ্যালয়।
প্রশ্ন **22.** সুশিক্ষকের কয়েকটি গুণাবলী উল্লেখ কর।
উত্তর। সুশিক্ষককে ব্যক্তিগত গুণসম্পন্ন, তীক্ষবুদ্ধিসম্পন্ন, স্বাধীন নিরপেক্ষ চিন্তা, জ্ঞানপিপাসু, দায়িত্ববোধসম্পন্ন হতে হবে।
প্রশ্ন **23.** শিক্ষার ক্ষেত্রে তিনটি গণমাধ্যমের নাম কর।
উত্তর। (১) চলচ্চিত্র, (২) সংবাদপত্র ও (৩) টেলিভিশন।
প্রশ্ন **24.** **'Education of man'** পুস্তকটির প্রণেতা কে ?
উত্তর। ফ্রয়বেল।
প্রশ্ন **25.** শিক্ষা কি সৃষ্টি করতে চায় ?
উত্তর। শিক্ষা ভালো সমাজ গড়তে চায়।
প্রশ্ন **26.** পরিবারের প্রাথমিক কাজ কী ?
উত্তর। শিশু-শিক্ষার্থীদের সুরক্ষার ব্যবস্থা নেওয়া।
প্রশ্ন **27.** বর্তমান শিক্ষার কাঠামো কী ?
উত্তর। ১০+২+৩+২।
প্রশ্ন **28.** ইউ. জি. সি. কোন্ শিক্ষার অর্থ-যোগানকারী সংস্থা
উত্তর। উচ্চশিক্ষার।
প্রশ্ন **29.** শিশুশিক্ষা পুস্তকটি কে রচনা করেন ?
উত্তর। মদনমোহন তর্কালঙ্কার।
প্রশ্ন **30.** ভারতে শিক্ষার জন্য ১৮১৩ সালের শিক্ষাসনদে কত টাকা মঞ্জুর হয়েছিল ?
উত্তর। এক লক্ষ টাকা।
প্রশ্ন **31.** উডের দলিলের সুপারিশ অনুযায়ী ভারতে বিশ্ববিদ্যালয় গঠিত হয়েছিল কোন বিশ্ববিদ্যালয়ের অনুকরণে ?
উত্তর। লন্ডন বিশ্ববিদ্যালয়ের অনুকরণে।
প্রশ্ন **32.** শ্রবণ-মনন-নিদিধ্যাসন পদ্ধতি কোন শিক্ষার সাথে যুক্ত ?
উত্তর। বৈদিক-ব্রাহ্মণ্য শিক্ষার সাথে।
প্রশ্ন **33.** শৃখলা আদেশের মত কোন বিষয় নয় ?
উত্তর। বাহ্যিক বস্তু নয়।

**34. শিক্ষার মূল লক্ষ্য হওয়া উচিত বিকাশমান আত্মার অন্তর্নিহিত সত্তাকে জাগ্রত করে মহৎ উদ্দেশ্য ক্রটিমুক্ত করা বা নিখুঁত করে তোলা। – কথাটি কে বলেন ?**

উত্তর। ঋষি অরবিন্দ বলেন।
**33.** অধিমাধ্যম সমূহের গুরুত্ব রয়েছে কিসে ?
উত্তর। সমাজনের পরিধি বৃদ্ধিতে।
**36.** বিশ্বভারতী কোথায় অবস্থিত?
উত্তর। শান্তিনিকেতনে।
**37.** 'শিক্ষা মানুষ তৈরি করে'-কে বলেছেন ?
উত্তর। স্বামী বিবেকানন্দ।
**38.** মন্তেশ্বরী ডাইডাকটিক যন্ত্র উদ্ভাবন করেন কেন ?
উত্তর। ইন্দ্রিয়ের পরিমার্জনের জন্য।
**30.** কোহলার শিখনের কোন তত্বটি প্রবর্তন করেন ?
উত্তর। গেষ্টাল্ট মতবাদ।
**40.** আধুনিক ধারণা অনুযায়ী মনোবিজ্ঞান কী ?
উত্তর। আচরণের বিজ্ঞান।
**41.** প্রকৃত বস্তুধর্মী জ্ঞান কী ?
উত্তর। প্রত্যক্ষণ।
**42.** জীবনের কোন্ গুরকে ঝড়ঝঞ্ঝার কাল বলে ?
উত্তর। কৈশরকালকে।
প্রশ্ন **43.** বাল্যকালের বিভিন্ন আচরণ ও অভিজ্ঞতা ব্যক্তির পরবর্তী জীবনকে প্রভাবিত করে—ইহা কে প্রমাণ করেছিলেন ?
উত্তর। হারলক।
প্রশ্ন **44.** শিক্ষকের কর্তব্য কী ?
উত্তর। শিক্ষার্থীদের আদর্শ প্রত্যক্ষণের প্রশিক্ষণ দেওয়া।
**45.** কত সালে স্পীয়ারম্যান দ্বি-উপাদান তত্ব প্রথম প্রকাশ করেন ?
উত্তর। ১৯০৪ সালে।
প্রশ্ন **46.** প্রাচীন ভারতের দুটি শিক্ষাকেন্দ্রের নাম কর।

উত্তর। নালন্দা ও তক্ষশিলা।
**47.** বৈদিক ব্রাহ্মণ্য শিক্ষা কাকে কেন্দ্র করে গড়ে ওঠে
উত্তর। প্রাচীন ভারতের তপোবন ও গুরুকুলকে কেন্দ্র করে।
প্রশ্ন **48,** বর্তমান মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে সহপাঠ্যক্রমিক শিক্ষার স্থান কী ?
উত্তর। অবহেলিত।
**49. Calcutta Female School'** কত সালে প্রতিষ্ঠিত হয় ?
উত্তর। ১৯৪৯ সালে।
**50.** ইস্ট ইন্ডিয়া কোম্পানি ভারতের শিক্ষাপ্রসারের দায়িত্ব গ্রহণ করেছিলেন
উত্তর। ১৮১৩ সালে।
**51.** শিশুর শিক্ষার উদ্দেশ্যের প্রয়োজনীয়তা কী ?
উত্তর। শিশুর শিক্ষার উদ্দেশ্য থাকা একান্ত প্রয়োজনীয়। যে-কোনো কিছু শিখতে গেলে তার একটি নির্দিষ্ট লক্ষ্য থাকে। এক্ষেত্রে শিক্ষারও লক্ষ্য থাকা প্রয়োজন, কারণ শিক্ষার্থী শিক্ষার মাধ্যমে জ্ঞান অর্জন করে থাকে এবং এই জ্ঞানার্জনের মাধ্যমে ভবিষ্যতের সচ্ছল পথ প্রস্তুত রাখে। আর যদি ভবিষ্যৎ তৈরি বা জ্ঞানার্জনের লক্ষ্য না থাকে, তবে সেই শিক্ষার কোনও মূল্য থাকবে না। তাই শিক্ষার লক্ষ্য একান্ত প্রয়োজনীয়।
প্রশ্ন **52.** পাঠ্যক্রমের মৌলিক নির্ধারক উপাদানগুলি কি কি?
উত্তর। পাঠ্যক্রমের মৌলিক নির্ধারক উপাদান তিনটি, যথা—(ক) শিক্ষার উদ্দেশ্যাবলী, (খ) শিক্ষার্থীর চাহিদা ও ক্ষমতা, (গ) সুযোগ-সুবিধা প্রাপ্তির সম্ভাব্যতা।
প্রশ্ন **53.** সহপাঠ্যক্রমিক কার্যাবলীর মধ্যে কি কি অন্তর্ভুক্ত ?
উত্তর। সহপাঠ্যক্রমিক কার্যাবলীর মধ্যে পড়ে শরীরচর্চামূলক কার্যাবলী, বিশেষ শিক্ষামূলক কার্যাবলী এবং সমাজসেবামূলক কার্যাবলী।
প্রশ্ন **54.** সহপাঠ্যক্রমিক কার্যাবলীর দুটি উপযোগিতা লেখ।
উত্তর। (১) সহপাঠ্যক্রমিক কার্যাবলীকে শিক্ষার অঙ্গীভূত করে বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষার্থী সম্পর্কের উন্নতিসাধন করা যায়। এর ফলে শিক্ষার্থীরা শিক্ষককে প্রকৃত বন্ধু ও নির্দেশক হিসেবে গ্রহণ করে।
(২) সহপাঠ্যক্রমিক কার্যাবলী বিদ্যালয়ের কাজের একঘেয়েমি দূর করে। গতানুগতিক বিষয়কেন্দ্রিক পাঠদানের যে রীতি সহপাঠ্যক্রমিক কার্যাবলী বিদ্যালয় কর্মসূচীর মধ্যে বৈচিত্র্য আনে।
প্রশ্ন **55.** কার্যকরী গণসংযোগ কী করতে সাহায্য করে?
উত্তর। গ্রহণ করতে সাহায্য করে।
প্রশ্ন **56.** ছাত্র ভুল উত্তর দিলে, শিক্ষকের কী করা উচিত ?
উত্তর। ছাত্রটির উত্তর কেন ভুল হয়েছে তার ব্যাখ্যা করা উচিত এবং সঠিক উত্তরটি বলে দেওয়া উচিত।
প্রশ্ন **57.** দক্ষ শিক্ষকের কী গুণ দরকার ?
উত্তর। বিষয়ের প্রতি ছাত্রদের আগ্রহের সৃষ্টি করা দক্ষ শিক্ষকের অত্যাবশ্যকীয় গুণ।
প্রশ্ন **58.** প্রত্যেক ছাত্রের চিন্তা এবং মেধার বিকাশের পার্থক্য হওয়ার মূল কারণ কি ? 2008
উত্তর। ছাত্রদের পরিবেশগত প্রভাবই তাদের মেধার ও চিন্তা বিকাশের পার্থক্যের মূল কারণ।
প্রশ্ন **59.** ছেলেমেয়েরা কোন বয়সে অন্তর্মুখীন হতে শুরু করে ?
উত্তর। 15 বছর বয়স থেকে।
প্রশ্ন **60,** শিক্ষক মহাশয়ের উচিত নয় শিশুদের কাছ থেকে তাদের বয়সের অনুপযুক্ত কিছু অনুসন্ধান করা, তা চাইলে শিশুদের কি হবে ?
উত্তর। তাহলে শিশুদের হতাশা বৃদ্ধি পাবে, উচ্চরক্তচাপ ও শিশুরা ভীষণভাবে ঘাবড়ে যাবে।
প্রশ্ন **61.** ছাত্রদের অঙ্গভঙ্গি কোন ধরনের সংযোগ পদ্ধতির সঙ্গে সম্পর্কযুক্ত ?
উত্তর। বার্তার সাথে।
প্রশ্ন **62.** নতুন পরিস্থিতিকে মানাতে ছাত্রের সঙ্গে শিক্ষকের কি সম্পর্ক?
উত্তর। এই প্রশ্নটি শিক্ষকের সঙ্গে সম্পর্কযুক্ত নয়, কেননা এই বৈশিষ্ট্যটি অভিযোজনের সাথে সম্পর্কযুক্ত।
প্রশ্ন **63.** শিক্ষার মূল লক্ষ্য কী?
উত্তর। মূল্যবোধ জাগিয়ে তোলা এবং ব্যক্তির গুণাবলীর যথার্থ বিকাশ সাধন করা।
প্রশ্ন **64.** উন্নত প্রথায় শিক্ষা দেওয়া বলতে কী বোঝায় ?
উত্তর। শিক্ষাগ্রহণে সাহায্য করা।
প্রশ্ন **65.** স্কুলের শৃঙ্খলা বজায় রাখতে গেলে যেটি সবচেয়ে জরুরি সেটি কি?
উত্তর। সেটি হল স্কুলের প্রতিটি ছাত্রকে বুঝে, তাদের সঙ্গে বন্ধুত্বসুলভ সম্পর্ক গড়ে তোলা।
প্রশ্ন **66.** পড়ালেখায় অনগ্রসর ছাত্রদের পাকা করতে কোন ব্যবস্থা গ্রহণীয় ?
উত্তর। গ্রুপ ডিসকাশন ও বিভিন্ন বিষয়ে বিতর্ক সভা করা প্রয়োজন।
প্রশ্ন **67.** শিক্ষকতাকে তুমি কোন্ দৃষ্টিতে দেখো?

উত্তর। এটি একটি চ্যালেঞ্জ নেবার মত কাজ। কেন-না, এখানে শুধু পড়ানোই শেষ কথা নয়। এক্ষেত্রে শিক্ষককে অগণিত শিক্ষার্থীকে ভবিষ্যতের জন্য তৈরি করতে হবে। এছাড়া তাদের মানসিক দিক থেকে উন্নতি ঘটিয়ে তাদের জ্ঞানের ভাণ্ডার বৃদ্ধি করতে হয়। সেক্ষেত্রে এটি একটি চ্যালেঞ্জই বটে।

প্রশ্ন **68.** একজন শিক্ষকের কোন্‌টি প্রধান কর্তব্য ?

উত্তর। ছাত্রদের শেখার আগ্রহ জাগানো।

প্রশ্ন **69.** শিক্ষাক্ষেত্রে কোন্‌টি গুরুত্বপূর্ণ ?

উত্তর। ছাত্রদের শাস্তিপ্রদান করা। এক্ষেত্রে ছাত্ররা কিছুটা ভয়ে, কিছুটা নিজের দোষ বুঝতে পেরে নিজের ভুলটাকে সামলে নিতে পারে।

প্রশ্ন **70.** অঙ্কে ভালো কোনও ছাত্র যদি অঙ্কের ক্লাস না-করে সেই সময় পাঠাগারে বসে ইংরেজি বই পড়েন, তবে অঙ্কের শিক্ষক কী করবেন?

উত্তর। ইংরেজিতে কাঁচা থাকলে উৎসাহ দেবেন। তবে অবশ্যই অঙ্কও যেন পাশাপাশি ভাল করে অভ্যাস করে সেটাও তাকে বোঝাতে হবে।

প্রশ্ন **71.** নতুন অবস্থার সঙ্গে নিজেকে মানিয়ে নিতে অনিচ্ছুক হওয়া কি কখনই শিক্ষকের পক্ষে শোভনীয় ?

উত্তর। এই ব্যাপারটি কখনই শোভনীয় নয়, কেন-না, প্রত্যেকটি শিক্ষককেই বিদ্যালয়ে গিয়ে শিক্ষার্থীদের সঙ্গে খাপখাইয়ে নিতে হয় এবং তাদের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তুলে তাদেরকে শিক্ষা দিতে হবে। সেক্ষেত্রে অভিযোজনে অনিচ্ছুক হলে সেটি শিক্ষকের পক্ষে কখনই সঠিক নয়।

প্রশ্ন **72.** ছাত্ররা ক্লাসে না-আসলে শিক্ষকদের কী করা উচিত?

উত্তর। কারণ অনুসন্ধান করে সমাধানের চেষ্টা করা উচিত।

প্রশ্ন **73.** ভালো শিক্ষক হতে হলে কি করতে হয়?

উত্তর। শিক্ষার প্রতি আগ্রহ দরকার হয়।

প্রশ্ন **74.** একজন শিক্ষক সার্থক হন কখন ?

উত্তর। যদি তিনি তার বিষয় সম্বন্ধে সম্যক জ্ঞান লাভ করেন।

প্রশ্ন **75.** ক্লাসে শিক্ষা দেওয়ার বিষয়ে তোমার উচ্চ আদর্শ আছে। কিন্তু তোমার সমস্যার কারণ কি হবে?

উত্তর। ছাত্রদের মধ্যে এককভাবে পার্থক্য।

প্রশ্ন **76.** শ্রেণীকক্ষে সংযোগের সবচেয়ে শক্তিশালী বাধা কি?

উত্তর। শিক্ষকমহাশয়ের প্রতি ভীতি।

প্রশ্ন **77.** একজন শিক্ষকের যে গুণটির অধিকারী হওয়া উচিত, সেটি কী?

উত্তর। ছাত্রকল্যাণে সঠিক পদক্ষেপ নেওয়া।

প্রশ্ন **78.** শিক্ষকের কাছে কোনটি বেশি কাঙ্ক্ষিত?

উত্তর। কঠিন বিষয়বস্তু সহজভাবে বোঝানো।

প্রশ্ন **79.** উত্তরপত্র দেখার সময় কী দেখে বেশি নম্বর দেবেন?

উত্তর। সঠিক উত্তরটি নিজের ভাষায় গুছিয়ে লিখছে কিনা তার ভিত্তিতে।

প্রশ্ন **80.** শিক্ষকের মূল উদ্দেশ্য কী?

উত্তর। ছাত্রদের বুদ্ধিমত্তার উন্নয়ন ঘটানো।

প্রশ্ন **81.** রুশোর নেতিবাচক শিক্ষা বলতে কি বোঝায় ?

উত্তর। প্রকৃতিকেন্দ্রিক শিক্ষাকে।

প্রশ্ন **82.** ক্লাসে পড়ানোর সময় ছাত্ররা মাঝেমাঝেই প্রশ্ন করলে কী করবেন?

উত্তর। প্রত্যেকের প্রশ্ন-বিষয় সম্পৃক্ত কিনা তা বুঝে কৌতূহল মেটাবেন।

প্রশ্ন **83.** শিক্ষকের প্রধান কর্তব্য কী?

উত্তর। চেতনার বিকাশ ঘটানো ও মূল্যবোধ তৈরি করা।

প্রশ্ন **84.** সুশিক্ষকের আর একটি লক্ষণ হল প্লবতা, প্লবতা বলতে কি বোঝায় ?

উত্তর। সুশিক্ষকের প্লবতা বলতে বোঝায় পরিস্থিতির চাপে অবদমিত না-হওয়া, প্রতিকূল ঘটনাচক্রের কাছে হার না মানা, যে-কোনও অবস্থায় প্রফুল্লতা বজায় রাখাই শিক্ষকের প্রবতার মধ্যে পড়ে।

প্রশ্ন **85.** যদি তুমি ক্লাসে পড়াতে পড়াতে কোনও ভুল কর এবং ছাত্ররা যদি তা ধরে ফেলে তুমি কি করবে?

উত্তর। প্রথমত কিছুটা দুঃখ পাওয়া উচিত। কেন-না, ছাত্রদের ভুল পড়ানো কখনোই শোভনীয় বিষয় নয়। কিন্তু এক্ষেত্রে অবশ্যই দ্রষ্টব্য যে পরের বার যাতে ভুল না হয়। আর ছাত্রদেরকে সঠিক পড়ানোর শপথ নিতে হবে।

প্রশ্ন **86.** নবোদয় বিদ্যালয়ের দুটি বৈশিষ্ট্য লেখ ?

উত্তর। (১) এখানে ভর্তির জন্য শিক্ষার্থীদের বুদ্ধি ও মানসিক ক্ষমতা পরীক্ষা গ্রহণ।

(২) ত্রি ভাষায় শিক্ষাদান : আঞ্চলিক, হিন্দী ও ইংরাজী।

প্রশ্ন **87.** প্রতিটি ছাত্রের চিন্তা ও মেধার বিকাশে পার্থক্যের মূল কারণ কী ?

উত্তর। পরিবেশগত প্রভাব।

প্রশ্ন ৪৪. উচ্চবর্ণের কোনও শিক্ষক জাত্যাভিমানে তপশিলী সম্প্রদায়ের ছাত্রদের অবজ্ঞা করলে কী করবেন ?

উত্তর। সমাজ সম্পর্কে সঠিক ধ্যানধারণা ও বর্তমান সমাজের চিন্তা-চেতনা থেকে পিছিয়ে বলে উদারচেতা হওয়ার পরামর্শ দেবেন।

প্রশ্ন **89,** কোনও ছাত্রের উত্তর অজানা থাকলে শিক্ষকের কী করা উচিত ?

উত্তর। পরে সঠিক উত্তর দেওয়ার কথা বলা উচিত।
প্রশ্ন **90.** কোনও বিষয়ের প্রতি ক্লাসের সব ছাত্রের আগ্রহ বাড়ানোর জন্য কী করা উচিত ?
উত্তর। ক্লাসে মাঝেমাঝেই গ্রুপ ডিসকাশন চালু করা উচিত।
প্রশ্ন **91.** একজন ভালো শিক্ষক হতে গেলে কি করা দরকার ?
উত্তর। যত্ন নিয়ে শিক্ষার্থীদের শিক্ষা দেওয়া একান্তভাবে প্রয়োজন হয়।
প্রশ্ন **92.** বই-ছাত্র-শিক্ষক সংযোগের শক্তিশালী উৎস কিভাবে হতে পারে ?
উত্তর। যদি বিষয়বস্তু ব্যাখ্যামূলক হয় তবে এগুলি সংযোগের শক্তিশালী উৎস হতে পারে।
প্রশ্ন **93.** একজন গবেষণা করেন কেন?
উত্তর। একজন গবেষণা করেন নতুন ঘটনা বর্ণনা ও ব্যাখ্যার জন্য।
প্রশ্ন **94.** মানুষ প্রথম কার কাছ থেকে শিক্ষা নেয় ?
উত্তর। মায়ের কাজ থেকে।
প্রশ্ন **95.** শিক্ষা বলতে কী বোঝায় ?
উত্তর। শিক্ষা হল পরিবেশের সঙ্গে নিজেকে মানিয়ে সমাজ ও নিজের উপকারে তার জনগঠন করবার দক্ষতা আয়ত্ত করা।
প্রশ্ন **96.** ক্লাসে বিশৃঙ্খলা ব্যবহার থামাতে কী পদ্ধতি প্রয়োগ করবেন ?
উত্তর। ছাত্রদের সঙ্গে আলোচনা করে ক্লাসে শৃঙ্খলার জন্য 'কন্টাক্ট রুল তৈরি করা।
প্রশ্ন **97.** শিক্ষার গুরুত্বপূর্ণ কৌশল কী?
উত্তর। ছাত্রদের মন দিয়ে বোঝানোই শিক্ষার গুরুত্বপূর্ণ কৌশল।
প্রশ্ন **98.** একজন শিক্ষক তার শিক্ষার্থীদের নিকট কিসের দ্বারা সুশিক্ষক হতে পারেন ?
উত্তর। তার ব্যক্তিগত গুণাবলীর দ্বারা।
প্রশ্ন **99.** আধুনিক শিক্ষক তার শিক্ষার্থীর নিকট কোন কোন সম্পর্কের সাথে যুক্ত ?
উত্তর। একজন শিক্ষাদাতা, মন্ত্রণাদাতা ও গুরুজনের সম্পর্কের সাথে শিক্ষক ও শিক্ষার্থীর সাথে বাধা।
প্রশ্ন **100.** শিক্ষকের মূল উদ্দেশ্য কী ?
উত্তর। ছাত্রদের বুদ্ধিমত্তার উন্নয়ন ঘটানো।
প্রশ্ন **101.** কোনও বিষয়ে কোনও ছাত্র দুর্বল থাকলে শিক্ষক হিসাবে করণীয় কী ?
উত্তর। বিষয়টি সম্বন্ধে ছাত্রদের ঔৎসুক্য বাড়ানো।
প্রশ্ন **102.** যদি তুমি কোনও ছাত্রকে ভয় দেখিয়ে শারীরিক শাস্তি দাও, তারপর তুমি কি করবে?
উত্তর। দোষটাকে স্বীকার করে সেটি নিয়ন্ত্রণ করবে।
প্রশ্ন **103.** গণসংযোগে কোন্‌টির প্রয়োজন নেই?
উত্তর। সুন্দর ব্যক্তিত্বের কোনও প্রয়োজন হয় না।
প্রশ্ন **104.** শিক্ষার উদ্দেশ্য হল শিশুদের কার্যক্ষমতার উপলব্ধি, এর অর্থ লেখ।
উত্তর। শিক্ষক ও অভিভাবকদের জানা দরকার শিশু কি করতে পারবে ও তাদের কতটা ক্ষমতা আছে। শিশুদের বেড়ে উঠার উপযুক্ত সুযোগ ও অনুকূল পরিবেশ দরকার। তাদের প্রতি দৃষ্টিভঙ্গি হতে হবে সাহায্যকারী, উৎসাহ দানকারী ও সহানুভূতিশীল।
প্রশ্ন **105.** একজন ভালো শিক্ষকের কী কী যোগ্যতা ও দক্ষতা দরকার ?
উত্তর। শিক্ষকের দরকার পড়ানো, সঠিক পরিচালনা ও গাইড করা।
প্রশ্ন **106.** ছাত্রদের পছন্দসই শিক্ষক কারা ?
উত্তর। যারা বিষয়বস্তু সম্পর্কে ছাত্রদের অসুবিধা দূর করেন।
প্রশ্ন **107** ছাত্রদের শিক্ষকের কাছে কিরকম হওয়া উচিত ?
উত্তর। ছাত্রদের শিক্ষকের কাছে অনুগত থাকা প্রয়োজন।
প্রশ্ন **108.** স্কুল ছাড়া আর কোন কোন প্রতিষ্ঠানকে শিক্ষার মাধ্যম বলা যায় ?
উত্তর। স্কুল বা বিদ্যালয় ছাড়া গৃহ সামাজিক প্রতিষ্ঠান, ক্লাব, ধর্মীয় প্রতিষ্ঠান, পাঠাগার, সাংস্কৃতিক প্রতিষ্ঠান, দূরদর্শন, বেতার, সংবাদপত্র, বক্তৃতামঞ্চ প্রভৃতিকে শিক্ষার মাধ্যম বলা যেতে পারে।
প্রশ্ন **109.** পাঠ্যক্রম ও পাঠ্যসূচীর পার্থক্য কী ?
উত্তর। পাঠ্যক্রম হচ্ছে শিক্ষার্থীর জীবনে সকল ধরনের অভিজ্ঞতার সামগ্রিক রূপরেখা।
পাঠ্যসূচী হচ্ছে শিক্ষার্থীর কোনও একটি স্তরে বিভিন্ন বিষয় পাঠের রূপরেখা।
প্রশ্ন **110.** চুঁইয়ে-পড়া নীতি যে নামটির সাথে জড়িত সে নামটি কী ?
উত্তর। লর্ড মেকলে।
প্রশ্ন **111.** খেলাভিত্তিক শিক্ষার কতকগুলো উপকারিতা উল্লেখ কর।
উত্তর। খেলাভিত্তিক শিক্ষা হল স্বাধীন, স্বতঃস্ফূর্ত এবং আনন্দ। যার মাধ্যমে শিশু অনেক কঠিন শিক্ষণীয় বস্তুও খুব সহজে এবং স্বাভাবিকভাবে আয়ত্ত করতে পারে। এই পদ্ধতির মাধ্যমে শিক্ষার্থীর ভয়, রাগ, ঘৃণা প্রভৃতি ক্ষতিকারক প্রক্ষোভগুলো সমাজ-নির্দিষ্ট পথে উদ্‌গমন করা যায় এবং শিক্ষার্থীর বিভিন্ন সামাজিক গুণাবলীর বিকাশ ঘটে।
প্রশ্ন **112.** 'কিন্ডারগার্টেন' শব্দটির অর্থ কি ?
উত্তর। 'কিন্ডারগার্টেন' শব্দটির আক্ষরিক অর্থ শিশু-উদ্যান। এই বিদ্যালয়ে শিশু আত্মসক্রিয়তার

মাধ্যমে স্বাধীনভাবে শিক্ষালাভ করে।

**প্রশ্ন 113.** সাহিত্যমনস্ক ছাত্রকে বিজ্ঞান বিষয়ে আগ্রহান্বিত করতে কী করবেন ?

উত্তর। সেইসব ছাত্রকে বিজ্ঞানের ল্যাবরেটরিতে নিয়ে যাওয়া প্রয়োজন এবং তাদের সেখানে প্রতিটি বিষয় হাতে কলমে দেখানো প্রয়োজন।

**প্রশ্ন 114.** ক্লাসের পরীক্ষা পদ্ধতিতে কোন পন্থা সবচেয়ে ভালো ?

উত্তর। এক্ষেত্রে পাশফেল প্রথা বন্ধ করে দিয়ে শুধুমাত্র পাশপ্রথাকে ধরে রেখে, ফেলপ্রথা তুলে দেওয়া উচিত। তাদেরকে গণতান্ত্রিক কার্যাবলীর সঙ্গে শিক্ষার্থীর বাস্তব পরিশাসনে সক্রিয় অংশগ্রহণে সমর্থ করানো

**প্রশ্ন 115.** গণতান্ত্রিক রাষ্ট্রে পরিচিতি ঘটানো ও তাকে কিসের অঙ্গ ?

উত্তর। শিক্ষকের কর্মসূচীর প্রয়োজনীয় অঙ্গ।

**প্রশ্ন 116.** মুদালিয়র পরিকল্পনার উচ্চতর মাধ্যমিক শিক্ষার সাতটি প্রবাদের উল্লেখ কর ?

উত্তর। মুদালিয়র কমিশনের মতে, বহুমুখী শিক্ষাক্রমের সাতটি ধারা হল : মানবিক বিষয়, বিজ্ঞান, কারিগরিবিদ্যা, বাণিজ্য, কৃষি, চারুশিল্প ও গার্হস্থ্য বিজ্ঞান।

**প্রশ্ন 117.** শিক্ষককে দার্শনিক ও পথপ্রদর্শক বলা হয় কেন ?

উত্তর। প্রত্যেক শিক্ষাবিই এক-একজন দার্শনিক। দার্শনিক ও পৃথপ্রদর্শকের মতো শিক্ষকও শিক্ষার্থীর জীবনধারাকে বিশ্লেষণ করে তার জীবনের লক্ষ্য নির্ধারণ করেন এবং প্রয়োজনীয় কার্যকরী পরামর্শ দিয়ে তাদের ভবিষ্যৎ জীবনে সহজভাবে এগিয়ে চলার পথ দেখিয়ে থাকেন।

**প্রশ্ন 118,** শিক্ষার জ্ঞানার্জন ধারণার দুটি দুর্বলতা উল্লেখ কর।

উত্তর। এই ধারণার দুটি প্রধান দুর্বলতা হচ্ছে এই যে—

(ক) এতে শিক্ষার সংকীর্ণ ধারণাকেপ্রাধান্য দেওয়া হয়।

(খ) এতে শিক্ষার ব্যবহারিক দিক উপেক্ষিত।

**প্রশ্ন 119.** কোন কোন উপাদান শিশুর ব্যক্তিত্ববিকাশে সাহায্য করে ?

উত্তর। শিক্ষকমহাশয়ের ব্যক্তিত্ব ও প্রতিন্যাস, বিজ্ঞানসম্মত পাঠ্যক্রম ও শিক্ষণ প্রতিষ্ঠানের উপযুক্ত পরিবেশ শিশুর ব্যক্তিত্ববিকাশে সাহায্য করে।

**120.** সভ্য মানুষের সমাজে বিদ্যালয় প্রয়োজনীয় কেন ?

উত্তর। সভ্যতার অগ্রগতিতে গৃহ ও সমাজের পক্ষে শিক্ষাদানের প্রত্যক্ষ দায়িত্ব নেওয়া অসম্ভব হয়ে পড়েছে। প্রত্যক্ষভাবে শিক্ষা দেওয়ার জন্য গৃহ ও সমাজ সভ্য মানুষদের স্বার্থে বিদ্যালয় সৃষ্টিতে ইন্ধন যুগিয়েছে। এজন্যই সভ্য মানুষের সমাজে বিদ্যালয়ের অস্তিত্ব প্রয়োজন।

**121.** পিনবিদ্ধ প্রজাপতি কে, কোন প্রসঙ্গে বলেছিলেন ?

উত্তর। মাদাম মেরী মন্তেসরী পরাধীনতার শিক্ষার কথা বোঝাতে এমন উক্তি করেছিলেন। ফ্রয়বেল-এর আগেই এ ধারণা দেন। শিক্ষার্থীদের স্বাধীনতা, সক্রিয়তা, সৃজনশীলতা ও স্বাভাবিক আগ্রহকে আমল না দিয়ে কঠোর নিয়ন্ত্রণমূলক শৃঙ্খলা স্থাপনের শিক্ষাকে পিনবিদ্ধ প্রজাপতি' হিসেবে বিবেচনা করা হয়েছে। পিনবিদ্ধ মৃত প্রজাপতি যেমন নিজস্বতা হারিয়ে যন্ত্রীর যন্ত্রের মত নিয়ন্ত্রিত হয়, তেমনি কঠোর নিয়ন্ত্রিত শিক্ষায় শিক্ষার্থীর প্রকৃতি আগ্রহ ও আকুলতা অনুযায়ী শিক্ষণ-পরিবেশ আদৌ পরিলক্ষিত হয় না।

**প্রশ্ন 122.** শিশুর মানসিক বা বৌদ্ধিক বিকাশে পারস্পরিক ক্রিয়ার প্রভাব লেখ।

উত্তর। পারস্পরিক ক্রিয়ার প্রভাবে শিশুর মানসিক বিকাশ ঘটে থাকে। কারণ, পরিবেশের পরিবর্তনশীল উপাদানগুলির প্রতি প্রতিক্রিয়া করতে গিয়ে শিশু তার বিভিন্ন ধরনের মানসিক প্রক্রিয়া এবং ক্ষমতাকে সক্রিয় করে তোলে। এই প্রক্রিয়ার দ্বারা শিশুর মানসিক বা বৌদ্ধিক বিকাশ

**প্রশ্ন 123.** শিক্ষায় শৃঙ্খলা ও স্বাধীনতার সম্পর্ক কী ?

উত্তর। শিক্ষায় শৃঙ্খলা ও স্বাধীনতা উভয়েরই প্রয়োজনীয়তা অনস্বীকার্য। শিক্ষাদানের পরিবেশকে শিক্ষণ-উপযোগী করতে হলে যেমন প্রয়োজন শৃঙ্খলার, তেমনি শিক্ষার্থীর সম্ভাবনার স্বাভাবিক, সর্বাঙ্গীণ ও সর্বোত্তম বিকাশের জন্য প্রয়োজন সুস্থ স্বাধীনতার।

**প্রশ্ন 124** শৃঙ্খলা রক্ষায় শিক্ষকের ভূমিকা কী ধরনের হওয়া উচিত ?

উত্তর। বিদ্যালয়ের পরিবেশ শৃঙ্খলামুখর করে তুলতে হলে প্রথমেই শৃঙ্খলা রক্ষার কাজে শিক্ষককে অগ্রণী ভূমিকা গ্রহণ করতে হবে। বিশেষ করে শিক্ষককে আদর্শ চরিত্রের অধিকারী হতে হবে বিদ্যালয়ের শৃঙ্খলা রক্ষার জন্য। যেহেতু তিনিই বিদ্যালয় পরিবেশের পূর্ণ নিয়ন্ত্রক, স্বাভাবিকভাবেই শিক্ষার্থীদের তাঁর নেতৃত্বকে মেনে চলা ও তাঁকে জীবনের আদর্শ হিসেবে গ্রহণ করা বিধেয়।

**প্রশ্ন 125** বৌদ্ধিক বিকাশ কী ?

উত্তর। কোনও শিশুর বৌদ্ধিক বিকাশ বলতে তার উন্নত ধরনের অভিযোজনমূলক প্রতিক্রিয়াকে বোঝানো হয়ে থাকে।

**প্রশ্ন 126.** শিক্ষণ কাকে বলে ?

উত্তর। সাধারণতঃ শিশুরা তাদের সহজাত প্রবৃত্তি-নির্ভর আচারণধারার সাহায্যে পরিবেশের সাথে সংগতি রেখে কাজ করতে পারে না। তাই পরিবেশ অনুসারে তাদের প্রত্যেককে নিজের আচরণধারায় প্রয়োজনীয় পরিবর্তন সাধনে উদ্যোগী হতে হয়। আচরণের এই উদ্দেশ্যভিত্তিক ও লক্ষ্যমুখীন পরিবর্তনকেই মনোবিজ্ঞানে শিক্ষণ বলা হয়।

প্রশ্ন 127 **শিক্ষা হল উদ্দেশ্যমূলক নৈতিক কাজ। অতএব লক্ষ্যহীন শিক্ষা চিন্তাই করা যায় না। (Education is purposeful and ethical activity. Hence it is unthinkable without aims.) – কোথায় বলা হয়েছে ?**

উত্তর। Encyclopedia of Modern Education গ্রন্থে বলা হয়েছে।

**128.** শিক্ষার সঙ্গে আগ্রহের সম্পর্ক কী ?

উত্তর। শিক্ষা হচ্ছে শিক্ষার্থীর নিরবিচ্ছিন্ন বিকাশ-বৃদ্ধির প্রক্রিয়া এবং বিখ্যাত মনোবিদদের অনেকে শিক্ষার্থীর আগ্রহকে তার বিকাশ-প্রক্রিয়ার অভিমুখে নিজস্ব মনের স্বতঃপ্রবৃত্ত অগ্রগতি হিসেবে বিবেচনা করেছেন। তাছাড়া জাগ্রত মনোযোগ ছাড়া আগ্রহ-সম্পর্কিত শিক্ষা অসম্ভব এদিকে থেকে আগ্রহ শিক্ষার সাথে সত্যই উত্তমরূপে সম্পর্কযুক্ত।

প্রশ্ন **129.** স্বাধীন ভারতে মাধ্যমিক শিক্ষার মূল লক্ষ্য সম্বন্ধে মুদালিয়র কমিশন কী সুপারিশ করেন ?

উত্তর। স্বাধীন ভারতে মাধ্যমিক শিক্ষার মূল লক্ষ্য হিসেবে মুদালিয়র কমিশন সুযোগ, নাগরিক সৃষ্টির ব্যক্তিগত সামর্থ্যের উন্নতির, সাংস্কৃতিক ঐতিহ্যের উন্নয়নের ও নেতৃত্বগ্রহণের যোগ্যতা সৃষ্টির সুপারিশ উপস্থাপিত করেন।

প্রশ্ন **130.** বেথুন স্কুলের প্রতিষ্ঠাতা কে ছিলেন ?

উত্তর। বেথুন স্কুলের প্রতিষ্ঠাতা ছিলেন জন ড্রিঙ্কওয়াটা।

প্রশ্ন **131.** একজন সুশিক্ষকের প্রধান লক্ষণ হল যে তিনি সুবিবেচক হবেন। সুবিবেচনার যে সকল গুণগুলি শিক্ষার্থীকে শিক্ষায় উদ্বুদ্ধ করে, তা হল—

উত্তর। শিক্ষার্থীর কাজের যথাযথ মূল্যায়ন করা। কোমলতা, সৌহার্দ্য, ভদ্রতা ও সহানুভূতি, সাহায্য করার মনোভাব, ধৈর্য্য ও সহনশীলতা প্রযোজ্য।

প্রশ্ন **132.** ক্লাসে অনুপস্থিতি কীভাবে কমানো যেতে পারে ?

উত্তর। শ্রেণিতে নিয়মিত কার্যকরীভাবে শিক্ষাদান করে।

প্রশ্ন **133.** বিদ্যালয়ে পরিশাসনের দিক দিয়ে আধুনিক শিক্ষকের কর্তব্য কি?

উত্তর। শিক্ষার্থীর অনুশীলনের ও অগ্রগতির পর্যবেক্ষণ এবং যথাসময়ে তাদের পরীক্ষা গ্রহণ, বিদ্যালয়ের পাঠ্যক্রম নির্ধারণ, শ্রেণী অনুযায়ী তার বন্টন, দৈনন্দিন অনুসরণীয় কর্মসূচী প্রণয়ন, শিক্ষার্থীর অভিজ্ঞতা বৈচিত্র্যের নিয়ন্ত্রণ এবং অভিভাবকদের সঙ্গে যোগাযোগ রক্ষ—এই সবকটিই আধুনিক শিক্ষকের কর্তব্য।

প্রশ্ন **134.** বুনিয়াদী শিক্ষার মূল উদ্দেশ্য কী ?

উত্তর। গান্ধীজীর শিল্পকেন্দ্রিক বুনয়াদী ষিক্ষা পরিকল্পনার অন্যতম উদ্দেশ্য হল কোনও একটি হাতের কাজ বা উৎপাদনশীল কাজকে কেন্দ্র করে শিক্ষার্থীর দৈহিক, মানসিক ও আধ্যাত্মিক জীবনের বিকাশসাধন করা।

প্রশ্ন **135.** শিক্ষার প্রগতিশীল দুটি পদ্ধতির উল্লেখ কর।

উত্তর। জার্মান শিক্ষাবিদ্ ফ্রেডারিক ফ্রয়েবেল-এর প্রবর্তিত কিন্ডারগার্টেন এবং ডাঃ মাদাম মারিয়া মন্তেশ্বরীর প্রবর্তিত মন্তেশ্বরী পদ্ধতি।

প্রশ্ন **136.** শিক্ষককে কার্যকরী গণসংযোগকারী হতে হলে কী দরকার ?

উত্তর। নির্দেশমূলক কাজে সাহায্য করা।

প্রশ্ন **137** শিক্ষক ও শিক্ষার্থীর মধ্যে প্রাচীন কালের ব্যবধান আজ লোপ পেয়ে যাওয়ায় শিক্ষক সরাসরি শিক্ষার্থীর মনের সঙ্গে যোগাযোগ স্থাপন করতে পারে। কিন্তু এছাড়াও শিক্ষকের দায়িত্ব কী হবে ?

উত্তর। শিক্ষার্থী যাতে যুক্তিভিত্তিক পরিচ্ছন্ন ও স্বাস্থ্যময় একটি জীবনদর্শন গড়ে তুলতে পারে, তা শিক্ষকের লক্ষ্য রাখা উচিত।

প্রশ্ন **138.** উত্তরপত্রের মূল্যায়নের ক্ষেত্রে বিশ্বাসযোগ্যতা অর্জন করতে চাইলে, শিক্ষকমহাশয়কে কেমন ব্যবহার করতে হবে?

উত্তর। বিষয়গত বা বস্তুগত ব্যবহার করতে হবে।

প্রশ্ন **139.** ক্লাসে যা পড়াছেন তা ছাত্ররা বুঝতে না পারলে তা বোঝানোর সাহায্যের জন্য সর্বোত্তম পদ্ধতি কী ?

উত্তর। তাদের সমস্যাগুলি সুনির্দিষ্ট করা।

প্রশ্ন **140.** কোনো বিষয় পড়ানোর সময় শিক্ষকের কি করা উচিত ?

উত্তর। বিষয়ের প্রেক্ষিতে গল্পচ্ছলে বৃহত্তর প্রেক্ষিত ছুঁয়ে যেতে হবে।

প্রশ্ন **141.** বিষয়ে কাঁচা ছাত্রদের সঙ্গে ব্যবহার কেমন করতে হবে ?

উত্তর। তাদের সাথে সহানুভূতিশীল ব্যবহার করতে হবে।

প্রশ্ন **142.** কী ধরনের শিক্ষককে গ্রহণ করা উচিত ?

উত্তর। ছাত্রদের সমস্যা বুঝে সহযোগিতা করেন—এরকম শিক্ষককে গ্রহণ করা উচিত।

প্রশ্ন **143.** সাফল্যসূচক কী ?

উত্তর। সাফল্যসূচক হল শিক্ষার্থীর গুণগত বা অর্জিত জ্ঞানের সূচক। এর সাহায্যে শিক্ষার্থীর মানসিক বয়স বা শিক্ষাগত বয়সের সম্পর্ক নির্ণয় করা যায়।

এর সূত্র হল **A Q = C. A - x 100.M.A C.A**

প্রশ্ন **144.** শিক্ষাক্ষেত্রে শিশুর চাহিদার গুরুত্ব কী ?

উত্তর। আধুনিক শিক্ষাক্ষেত্রে শিক্ষার চাহিদার ওপর অনেকখানি গুরুত্ব দেওয়া হয়ে থাকে। শিশুর বিভিন্ন চাহিদা যাতে পরিতৃপ্ত হয় এবং চাহিদা তৃপ্তিতে কোনও বাধা না ঘটে সেদিকে লক্ষ্য রেখে আধুনিক পাঠ্যক্রম শিক্ষাপদ্ধতি ও শিক্ষা পরিবেশ রচনা করা হয়েছে।

প্রশ্ন **145.** প্রচলিত পরীক্ষা-ব্যবস্থার দুটি একটি উল্লেখ কর।

উত্তর। প্রচলিত পরীক্ষার দ্বারা শিক্ষার্থীর প্রকৃত জ্ঞানের পরিসর পরিমাপ করা যায় না। এবং এই পরীক্ষায় পরিমাপের যথার্থতা নেই বললেই চলে।

প্রশ্ন **146.** শিক্ষক সবচেয়ে বেশি শিখতে পারবে কার কাছে থেকে?

উত্তর। ছাত্রদের কাছ থেকে।

প্রশ্ন **147.** কোনো ক্লাসে মনস্তত্ব বিষয়ক দিকটি ভালোভাবে রক্ষণাবেক্ষণ করা. যায় কার দ্বারা ?

উত্তর। মনস্তত্ব-বিষয়ক দিকটি রক্ষণাবেক্ষণ করা যায় শিক্ষার্থীদের দ্বারা।

প্রশ্ন **148.** শিক্ষক হয়ে আপনি কিভাবে একজন বদ ছাত্রকে সংশোধন করবেন ?

উত্তর। একজন বদ ছাত্রকে সংশোধন করতে হলে একজন শিক্ষকের প্রথমে ছাত্রটির মানসিক অবস্থা বুঝে, তার আগ্রহের বিষয় থেকে তাকে মূলস্রোতের আগ্রহে ফিরিয়ে নিয়ে আসতে হবে।

প্রশ্ন 149. কোনও গরীব ছাত্র বই না কিনতে পারার ফলে পড়া না-করে এলে একজন শিক্ষক হিসাবে আপনি কি করবেন ?

উত্তর। সেই শিক্ষার্থীকে শিক্ষক বিদ্যালয়ের পাঠাগারে বসে পড়া করতে বলবেন।

প্রশ্ন **150.** শিশুদের কিভাবে জ্যামিতি শেখানো যায় ?

উত্তর। শিশুদের ত্রিভুজ, ষড়ভুজ, বৃত্তের প্লাস্টিক খেলনা দিয়ে বাড়ির ডিজাইন বা মডেল তৈরি করা দিয়ে।

প্রশ্ন **151.** সকল গণসংযোগকারীর কী গুণ থাকা দরকার ?

উত্তর। সফল গণসংযোগকারীর অবশ্য প্রয়োজন অন্যেরা যা বলেন তা পরিষ্কার বুঝতে পারা।

প্রশ্ন **152.** শিক্ষার উন্নতি কী দেখে বোঝা যায় ?

উত্তর। ভালো ফল দেখে।

প্রশ্ন **153.** মহাত্মা গান্ধীর মতে, শিক্ষার অর্থ কি?

উত্তর। জাতির জনক মহাত্মা গান্ধীর মতে, শিক্ষা হল মানবশিশুর দেহ-মন ও আত্মার পরিপূর্ণ বিকাশ সাধন।

প্রশ্ন **154.** বিদ্যালয়ের সংশোধনমূলক কাজটি কী ?

উত্তর। বিদ্যালয়ের একটি পরোক্ষ কাজের মধ্যে এই কাজটি পড়ে। এই কাজটি হল শিশু শিক্ষার্থীদের অকল্যাণকর অভিজ্ঞতা এবং অবাঞ্ছিত আচরণের সংশোধনের দায়িত্ব।

প্রশ্ন **156.** শিশুকেন্দ্রিক শিক্ষায় শিশুর অভিজ্ঞতার উপর গুরুত্ব দেওয়া হয় কেন ?

উত্তর। আধুনিক শিক্ষাক্ষেত্রে শিশুর অভিজ্ঞতাই বড় কথা। শিশু তার প্রত্যহ জীবনপথে চলতে গিয়ে যে অভিজ্ঞতা সংগ্রহ করে চলেছে, সেটিই হল তার প্রকৃত শিক্ষা। অনুকূল সমাজ পরিবেশে প্রত্যক্ষ অভিজ্ঞতা অর্জনের মাধ্যমে শিশু তার ভবিষ্যৎ জীবন সুনাগরিক রূপে গড়ে তুলতে পারে।

প্রশ্ন **157.** খেলাভিত্তিক কথাটি কে প্রথম উল্লেখ করেন ?

উত্তর। অন্যতম শিক্ষাবিদ্ ক্যাল্ডওয়েল কুক (Cald Well Cook) বহু পরীক্ষা-নিরীক্ষা করে খেলাভিত্তিক শিক্ষার কথা প্রচার করেন।

প্রশ্ন **158.** বুদ্ধির দ্বি-উপাদান তত্ত্বে **‘G’** বলতে কি বোঝায় ?

উত্তর। স্পীয়ারম্যান প্রবর্তিত বুদ্ধির দ্বি-উপাদান তত্ত্বে (General ability)-কে বোঝানো হয়েছে। এটি হল সহজাত ‘G’ বলতে সাধারণ মানসিক ক্ষমতা এবং কম বা বেশি সকলের মধ্যে এই ক্ষমতা থাকে।

প্রশ্ন **159,** একজন শিক্ষকের দক্ষতা বিচার করা যায় কিসের ভিত্তিতে

উত্তর। ছাত্রদের প্রয়োজন তাদের সাথে যোগ দেওয়ার উপর ভিত্তি করে।

প্রশ্ন **160,** কোঠারী কমিশনের মতে, শিক্ষার উদ্দেশ্য কী?

উত্তর। কোঠারী কমিশনের মতে, জনসম্পদের বিকাশ, উৎপাদন বৃদ্ধি, জাতীয় সংহতি, আধুনিকীকরণ এবং সামাজিক, নৈতিক ও আধ্যাত্মিক মূল্যবোধের উন্মেষ সাধন হচ্ছে শিক্ষার উদ্দেশ্য।

প্রশ্ন **161.** আধুনিক শিক্ষাকে 'ত্রিমেরু প্রক্রিয়া' বলা হয়। কেন?

উত্তর। আধুনিক শিক্ষাকে শিক্ষাবিদ অ্যাডাম্সের (Adams) মতানুসারে শিক্ষক শিক্ষার্থীর সম্পর্কের ওপর গুরুত্ব দিয়ে যেমন বলা হয় দ্বি-মেরু প্রক্রিয়া (Bi-Polar process), তেমনি অ্যাডাম্সের মতানুসারে শিক্ষায় শিক্ষার্থীর, শিক্ষক ও সমাজ—এই তিনটির অবদানকে গুরুত্ব দিয়ে বলা হয়েছে ত্রিমেরু প্রক্রিয়া।

**162.** একজন আদর্শ শিক্ষকের দুটি পেশাগত বৈশিষ্ট্য উল্লেখ কর।

উত্তর। একজন আদর্শ শিক্ষকের পেশাগত বৈশিষ্ট্যসমূহের মধ্যে উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হচ্ছে তার ব্যক্তিত্ব সহানুভূতিশীলতা, ছাত্রপ্রীতি এবং শিশু-মনস্তত্ব সম্পর্কে বিজ্ঞানসম্মত জ্ঞান ও আদর্শ চরিত্র।

প্রশ্ন **163.** শিশুকেন্দ্রিক শিক্ষাব্যবস্থা কাকে বলে ?

উত্তর। সহজাত ক্ষমতা অনুসারে তাদের সামগ্রিক সুস্থ ব্যক্তিত্ব বিকাশের জন্য নিরবচ্ছিন্ন প্রচেষ্টা চালানোহয়। শিশুকেন্দ্রিক শিক্ষাব্যবস্থায় শিক্ষার্থীর স্বাধীনতা, সক্রিয়তা, অভিজ্ঞতা, অন্তর্জাত শৃঙ্খলাভিত্তিক আত্মনিয়ন্ত্রণ, মনস্তত্ব ও শিক্ষক-শিক্ষার্থী সুসম্পর্ক প্রভৃতি বৈশিষ্ট্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

প্রশ্ন **164.** কিন্ডারগার্টেন কথাটি ব্যাখ্যা কর।

উত্তর। কিন্ডারগার্টেন কথাটির অর্থ শিশুউদ্যান বা শিশুকল্যাণমূলক বাগান। জার্মানীর শ্রদ্ধেয় শিক্ষাবিজ্ঞানী ফ্রয়বেল তাঁর কিন্ডারগার্টেন পদ্ধতির দ্বারা শিশুদের চারাগাছের সঙ্গে ও শিক্ষকদের মালীর সঙ্গে তুলনা করে উপহার ও কাজের মাধ্যমে খেলাচ্ছলে শিক্ষা দিয়ে স্বাভাবিক উন্মেষের ব্যাখ্যা দিয়েছেন।

প্রশ্ন **165.** বিদ্যালয়ে সংবাদপত্র রাখা প্রয়োজন কেন ?

উত্তর। সমাজে জনশিক্ষার বিভিন্ন মাধ্যমগুলির মধ্যে সংবাদপত্র অন্যতম। আবার বৃহত্তম সমাজের প্রতিচ্ছবি হিসেবে বিদ্যালয়ের সাথে সমাজের সম্পর্ক নিবিড় রাখা খুব প্রয়োজন। এই প্রেক্ষিতে বিদ্যালয় শিক্ষার্থীদের পক্ষে সমাজের সবকিছু জানা খুবই জরুরি। শিক্ষার্থীদের মধ্যে ওপরোক্ত জ্ঞানসমূহ পরিবেশন করার জন্য বিদ্যালয়ে সংবাদপত্র রাখা খুবই প্রয়োজন।

প্রশ্ন **166.** শিক্ষাকে 'সামাজিক প্রক্রিয়া বলা হয় কেন ?

উত্তর। শিক্ষার্থীর সামাজিকীকরণের অপর নাম শিক্ষা। বস্তুত শিক্ষা-প্রক্রিয়ার মাধ্যমে শিশু তার নিজস্ব অভিজ্ঞতার সাথে সমাজ-সঞ্চিত অভিজ্ঞতার সংযোগসাধনে ও সমন্বয়সাধনে ব্রতী হয় এবং পরিবেশের সাথে কাম্য ও বাঞ্ছিত অভিযোজনে সমর্থ হয়ে ওঠে। এছাড়া সামাজিক-প্রক্রিয়া হিসেবে শিক্ষা সমাজ-সংরক্ষণে ও সমাজ প্রগতিতে নিজস্ব ভূমিকা পালন করে। এজন্যই শিক্ষাকে সামাজিক প্রক্রিয়া হিসেবে অভিহিত করা হয়ে থাকে।

প্রশ্ন **167,** খেলাভিত্তিক শিক্ষার অর্থ কী ?

উত্তর। সাধারণতঃ খেলাকে ভিত্তি বা কেন্দ্র করে শিক্ষা দেওয়ার ব্যবস্থাকে বলা হয় খেলাভিত্তিক শিক্ষা। কিন্তু খেলাভিত্তিক শিক্ষার অর্থকে আমরা আরো সুন্দর ভাবে প্রকাশ করি, তা হচ্ছে নানান ধরনের খেলাকে গুরুত্ব দেওয়া।

প্রশ্ন **168.** পরীক্ষার উদ্দেশ্য কী ?

উত্তর। পরীক্ষার মাধ্যমে পারদর্শিতা নিরূপণ করেন শিক্ষক শিক্ষার্থীর দুর্বলতা ও জ্ঞান পরিমাপ করেন, বৃত্তিমূলক নির্দেশনার ক্ষেত্রে সহায়তা করে থাকেন। শিক্ষার্থীর ভবিষ্যৎ দুর্বলতা নির্ধারণ,সর্বাঙ্গীণ বৃদ্ধির পরিমাপ এবং শিক্ষামূলক ও বিকাশমূলক পদক্ষেপ নিতে পারেন।

প্রশ্ন **169.** মন্তেশ্বরী স্বয়ংশিক্ষা বলতে কি বুঝিয়েছেন ?

উত্তর। মন্তেস্বরীর মতে, শিশুরা স্বাধীনভাবে বিভিন্ন বিষয় নিয়ে কাজ করবে বা খেলার সাহায্যে আপনা-আপনি শিক্ষালাভ করবে এবং এর ফলে নিজেরাই নিজেদের ভুল সংশোধন করতে পারবে। এদের স্বাধীন কর্মপ্রচেষ্টায় শিক্ষকরা হস্তক্ষেপ করবেন না। শিশুর এই নিজে নিজে শেখার রীতিকে স্বয়ংশিক্ষা বলে।

প্রশ্ন **170.** কিন্ডারগার্টেন পদ্ধতিতে বৃত্তি **(Occupation)** বলতে কি বোঝ ?

উত্তর। ফ্রয়বেল এই অভিনব খেলাভিত্তিক শিক্ষা-পদ্ধতিতে খেলার সাথে কাজের সার্থক সমন্বয়ের জন্য কতকগুলো সৃজনশীল ও আনন্দদায়ক কাজের ব্যবস্থা করেছেন। এই সমস্ত কাজগুলোতে তিনি নাম দিয়েছেন বৃত্তি। যেমন—কাগজের ফুল তৈরি।

প্রশ্ন **171.** ব্যক্তিগত বৈষম্যের কারণ কী ?

উত্তর। ব্যক্তিগত বৈষম্যের প্রধান দুটি কারণ হল বংশগতি ও পরিবেশ। এই দুটি উপাদানের জন্য ব্যক্তিতে ব্যক্তিতে পার্থক্য দেখা যায়।

প্রশ্ন **172.** সত্য প্রতিষ্ঠিত করতে কোনটি গ্রহণীয় ?

উত্তর। সত্য প্রতিষ্ঠিত করতে গেলে লক্ষণীয় দৃষ্টান্ত স্থাপন করতে হয়।

প্রশ্ন **173.** শিক্ষককে 'বন্ধু', 'দার্শনিক' ও 'পথপ্রদর্শক' আখ্যা দেওয়া হয় কেন ?

উত্তর। শিক্ষককে এরকম আখ্যা দেওয়া হয় কারণ সামাজিক পরিপ্রেক্ষিতে তাকে এই তিন প্রধান ভূমিকা পালন করতে হয়। এবং তিনি মানবিকতার মূল্যবোধ ছাত্রদের মধ্যে সঞ্চারিত করেন।

প্রশ্ন **174.** স্কুলে সোস্যাল স্ট্যাডিজ পড়ানো হয় কেন ?

উত্তর। সমাজের একজন সভ্য হিসেবে উপলব্ধি হয় ও সমাজকে বিনিময়ে দানের প্রয়োজনীয়তাও অনুভূত হয়।

প্রশ্ন **175.** গবেষণা কী ?

উত্তর। গবেষণা হল মানুষের সুখ ও উন্নতিতে সাহায্যকারী বিষয়।

**176.** শিক্ষক হিসাবে প্রধান কর্তব্য কি ?

উত্তর। শিক্ষক হিসাবে প্রধান দায়িত্ব হল সমাজ সম্পর্কে সঠিক ধ্যানধারণা গড়ে তোলা।

প্রশ্ন **177.** ছাত্ররা ক্লাসে অনুপস্থিত থাকতে চাইলে কী করবেন ?

উত্তর। ছাত্রদের থেকে কারণটি জেনে, বুঝে তা সংশোধন বা দূর করার চেষ্টা করবেন।

প্রশ্ন **178.** শিক্ষকের পোশাক ও আচার ব্যবহারে কেমন হওয়া উচিত ?

উত্তর। অনুকরণযোগ্য ব্যক্তিত্ব থাকা উচিত। যা দেখে ছাত্ররা সেরকম হবার জন্য অনুপ্রাণিত হয় এবং পাঠে আরও বেশি মনোযোগ দেয়।

প্রশ্ন **179.** শিক্ষকেরা কি জন্মলগ্ন থেকেই শিক্ষকের বৈশিষ্ট্য নিয়ে আসেন ?

উত্তর। শিক্ষকেরা জন্মলগ্ন থেকে শিক্ষক হয় না। তাদের বয়স বৃদ্ধির সাথে সাথে নিজের নানা যোগ্যতা অনুযায়ী তারা শিক্ষক হিসেবে নিযুক্ত হয়।

প্রশ্ন **180.** কোনও বিষয়ের উপর শ্রেণীর সকল ছাত্রের আগ্রহ বাড়ানোর জন্য একজন শিক্ষকের কি করা উচিত ?

উত্তর। শ্রেণীতে মাঝেমধ্যেই গ্রুপ ডিসকাশন চালু করতে হবে।

প্রশ্ন**181** স্কুলে 'খেলার' জন্য সময় রাখার প্রয়োজন কেন ?

উত্তর। স্কুলে 'খেলার' জন্য সময় রাখা বিশেষভাবে প্রয়োজনীয়, কেননা একভাবে পড়তে পড়তে শিশুদের পড়াতে আগ্রহ নষ্ট হয়ে যায়। তাদের মানসিক ও শারীরিক জোর কমে যায়। যার ফলে খেলাধূলার জন্য সময় রাখা প্রয়োজন, এতে ছাত্রদের মানসিক ও শারীরিক জোর বাড়ে।

প্রশ্ন **182.** কোন শিক্ষক ছাত্রদের কাছে প্রিয় ?

উত্তর। যেই শিক্ষক সংক্ষিপ্ত ও পরিষ্কার মতামত দান করে, সেই শিক্ষক ছাত্রদের কাছে প্রিয়।
প্রশ্ন **183** সুনামের সঙ্গে ক্লাস করতে হলে একজন শিক্ষক মহাশয়ের কীভাবে তৈরি হতে হবে ?
উত্তর। শিক্ষক মহাশয়কে আগে থেকেই নোট তৈরি করা ও তাদের সহায়ক হিসেবে ব্যবহার
প্রশ্ন **184.** ক্লাসে ছাত্রদের বিশৃঙ্খলা দমনে কোন পদ্ধতি প্রয়োগ করা উচিত ?
উত্তর। বিশৃঙ্খলা-সৃষ্টিকারী ছাত্রদের আলাদা করে দিতে হবে।
প্রশ্ন **185.** অঙ্কের ক্লাস আকর্ষণীয় করতে হলে কী করবেন ?
উত্তর। সবচেয়ে দুর্বল (কাঁচা) ছেলেকে দিয়ে প্রতিটি অঙ্ক ব্ল্যাকবোর্ডে করাতে হবে।
প্রশ্ন **186.** ছাত্ররা কোনও কিছু সহজে বুঝতে পারে কিসের ভিত্তিতে ?
উত্তর। ছাত্ররা তাদের নিজস্ব অভিজ্ঞতার মাধ্যমে কোনও কিছু সহজে বুঝতে পারে। যে ছাত্র যত বেশি মেধাসম্পন্ন, সে দ্রুত বিষয়গুলি আয়ত্তে আনতে পারে।
প্রশ্ন **187.** কোনও কোনও শিক্ষক ক্লাস করালে ছাত্ররা গোলমাল করে। এর কারণ কি থাকতে পারে ?
উত্তর। এক্ষেত্রে যে কারণটি প্রযোজ্য তা হল— যে শিক্ষক ক্লাসে পড়াচ্ছেন এবং যে বিষয়টি পড়াচ্ছেন সেটি সম্পর্কে শিক্ষকের অস্বচ্ছজ্ঞান। এছাড়া শিক্ষকের ব্যক্তিত্বের অভাব।
প্রশ্ন **188.** শিক্ষার লক্ষ্য পরিবর্তনশীল কেন ?
উত্তর। শিক্ষার নির্দিষ্ট কোনও লক্ষ্য নেই। বিভিন্ন যুগে বিভিন্ন শিক্ষণবিদ্ সমাজের প্রয়োজন ও চাহিদা অনুযায়ী শিক্ষার বিভিন্ন লক্ষ্য স্থির করেছেন। শিক্ষা একটি গতিশীল ধারণা। তাই এর লক্ষ্য পরিবর্তনশীল। তাছাড়া জীবনাদর্শের পরিবর্তন ও শিক্ষার্থীদের বিভিন্ন চাহিদা শিক্ষার লক্ষ্যের পরিবর্তনের জন্য দায়ী।
প্রশ্ন **189.** মন্তেশ্বরী পদ্ধতির প্রবর্তকের সম্পূর্ণ নামটি লেখ। এই পদ্ধতির যে- কোনও একটি বৈশিষ্ট্য উল্লেখ কর।
উত্তর। মন্তেশ্বরী পদ্ধতির প্রবর্তকের নাম— মাদাম মেরী মন্তেস্বরী (Montessori)। শিক্ষার্থীর অবাধ স্বাধীনতা ও খেলাভিত্তিক শিক্ষা এই পদ্ধতির অত্যন্ত উল্লেখযোগ্য বৈশিষ্ট্য।
প্রশ্ন **190.** রাধাকৃষ্ণান কমিশন কত সালে গঠিত হয়েছিল ?
উত্তর। ১৯৪৮-৪৯ সালে।
প্রশ্ন **191.** বিদ্যালয় ও গৃহের সম্পর্ক উল্লেখ কর।
উত্তর। বস্তুত গৃহ বা পরিবারের সাথে বিদ্যালয়ের এই সহযোগিতামূলক সম্পর্কের সুরটি শিশুশিক্ষার ক্ষেত্রে খুবই গুরুত্বপূর্ণ। শিশুদের যথাযথ শিক্ষার জন্য এবং আগ্রহ, কল্পনা,প্রবণতা, আচরণ প্রভৃতিকে সুনিয়ন্ত্রণের জন্য কেবলমাত্র পিতামাতাকেই শিক্ষিত ও কৃষ্টি সম্পন্ন হলে চলবে না, শিক্ষিত ও সংস্কৃতিবান পিতামাতার সাথে বিদ্যালয়ের সহযোগিতার সম্পর্কটুকুও দৃঢ় থেকে দৃঢ়তর করে তুলতে হবে।
প্রশ্ন **192.** ক্লাসে কয়েকজন ছাত্রছাত্রী গণ্ডগোল করলে কি করতে হবে ?
উত্তর। ক্লাসে কয়েকজন ছাত্রছাত্রী গণ্ডগোল করলে বুঝতে হবে যে, শিক্ষক ক্লাসে পড়াচ্ছেন এবং যে বিষয়টি পড়াচ্ছেন সেটি শিক্ষার্থীদের ঠিকভাবে বুঝতে অসুবিধা হচ্ছে। ফলে ক্লাসে পাঠের প্রতি আগ্রহ হারিয়ে তারা গণ্ডগোল শুরু করে।
প্রশ্ন **193.** শিক্ষণ কি ধরনের প্রক্রিয়া ?
উত্তর। শিক্ষণ একটি অর্জিত এবং জীবনব্যাপী প্রক্রিয়া।
প্রশ্ন **194.** ক্লাসে কোনও শিক্ষার্থী অমনোযোগী হলে কি করতে হবে ?
উত্তর। শিক্ষককে প্রথমে সেই শিক্ষার্থীর অমনোযোগিতার কারণ জানতে হবে। তারপর বুঝতে হবে, যে বিষয়টি শিক্ষক পড়াচ্ছেন বা বিশ্লেষণ করছেন সেটা শিক্ষার্থীটির আগ্রহের বিষয় কিনা। যদি শিক্ষার্থীটি সেই বিষয়ে অনাগ্রহী হয়, শিক্ষকের সেই বিষয়টিতে আগ্রহী করে তোলা
সেই শিক্ষার্থীকে একান্ত প্রয়োজন।
প্রশ্ন **195.** শিক্ষক এবং শিক্ষার্থীর মধ্যে একান্তই বন্ধুত্বপূর্ণ সম্পর্ক থাকা প্রয়োজন কেন ?
উত্তর। শিক্ষক এবং শিক্ষার্থীর মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক থাকা প্রয়োজন, কেন-না, শিক্ষার্থীদের যদি শিক্ষক আকর্ষণীয় না হয়ে উঠতে পারে অর্থাৎ বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তুলতে না পারে, তাহলে শিক্ষার্থীরা ক্লাসে মন দিয়ে পড়াশোনা করবে না। এবং তাদের জ্ঞানেরও প্রসার ঘটবে না। কারণ যখন শিক্ষক এবং শিক্ষার্থী পরস্পরের বন্ধু হবে তখনই শিক্ষার্থীর যে-কোনও বিষয়ে নির্ভয়ে প্রশ্ন করে তাদের অজানা উত্তর জানতে সক্ষম হবে।
প্রশ্ন **196.** বিদ্যালয়ের সংরক্ষণমূলক দায়িত্ব বলতে কি বোঝ ?
উত্তর। নিয়ন্ত্রিত শিক্ষার ক্ষেত্রে শিক্ষালয়কে মানব সভ্যতার অতীত সংস্কৃতি সংরক্ষণের দায়িত্ব গ্রহণ করতে হয়। শিক্ষালয়ের এই দায়িত্বকে বলা হয় সংরক্ষণমূলক দায়িত্ব। এই দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদন করে শিক্ষালয়, শিক্ষার বিষয়বস্তু (Subject matter) নির্বাচনের ভাণ্ডার সৃষ্টি করে,যার থেকে শিক্ষার্থীরা অভিজ্ঞতা সঞ্চয় করে থাকে।
প্রশ্ন **197.** বর্তমানে পাঠ্যক্রমের একটি অন্যতম অংশ কী ?
উত্তর। সহপাঠ্যক্রমিক কার্যাবলী।
প্রশ্ন **198.** শিশুকেন্দ্রিক শিক্ষার দুটি প্রধান বৈশিষ্ট্য কী ?
উত্তর। শিশুকেন্দ্রিক শিক্ষার অন্যতম বৈশিষ্ট্য হল স্বাধীনতা এবং সক্রিয়তা।
প্রশ্ন **199.** শিশুকেন্দ্রিক শিক্ষায় কি ধরনের পাঠ্যক্রমের প্রয়োজন ?
উত্তর। শিক্ষক ও শিক্ষার্থীর মানবীয় সম্পর্কের ওপর ভিত্তি করে গড়ে-ওঠা শিশুকেন্দ্রিক শিক্ষার পাঠ্যক্রম হবে— অভিজ্ঞতাভিত্তিক, সক্রিয়তামূলক, ব্যক্তিগত বৈষম্য অনুযায়ী সৃজনপ্রচেষ্টা, শিশুর চাহিদা ও জীবনভিত্তিক এবং পরিবর্তনশীল। মোট কথা শিশুর প্রকৃতি অনুযায়ী পাঠ্যক্রম নির্ধারিত হবে।

প্রশ্ন **200.** শিক্ষণ পরিস্থিতিটি নিয়ন্ত্রিত ও নির্ধারিত করা, জটিল ঘটনাবিন্যাসের সমাধান উদ্ভাবন করা, শিক্ষার্থী-জনতাকে সংঘবদ্ধভাবে পরিচালিত করা প্রভৃতি গুরুত্বপূর্ণ কাজগুলি শিক্ষককে সম্পন্ন করতে হয়। তার যে গুণটি এক্ষেত্রে প্রযোজ্য সেটি কী ?

উত্তর। বিচক্ষণতা ও দূরদৃষ্টি, বিচারশক্তি ও মানসিক ক্ষমতা, সাধারণ জ্ঞান প্রতিটিই প্রয়োজন ।


প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতির জন্য নীচের তিনটি **website** কে নিয়মিত **follow** করতে পারো।

**Shekhapora.com**

**Mcq.shekhapora.com**

**Preronaacademy.com**

ইউটিউব চ্যানেল **> Prerona Academy**

**Mobile phone** এ **Online MCQ Practice** করতে হলে উপরের ওয়েবসাইট ফলো করো